

3 (Sem-2/CBCS) BEN HC 2

2022

BENGALI

Paper : BEN-HC-2026

(বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক পরিচয়)

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) ভারতীয় জনসৌখের প্রথম স্তর কোনটি ?
- (খ) বাঙলায় আদিম অধিবাসীদের মধ্যে যে 'জন'-এর প্রভাব সবচেয়ে বেশি, তার নাম কী ?
- (গ) নৃতত্ত্ববিদ ফিশার সাহেব খর্বদেহ দীর্ঘমুণ্ড জাতির অস্তিত্ব অনুমান করে তাদের কী নামকরণ করেছিলেন ?
- (ঘ) সেন রাজারা নিজেদের কী ধরনের সক্রিয় হিসাবে পরিচয় দিতেন ?
- (ঙ) কোন্ গোষ্ঠীর লোকেরা একাধিক মনুষ্য-জীবনে বিশ্বাস করত ?
- (চ) 'শব' কোন্ ভাষাগোষ্ঠীর শব্দ ?
- (ছ) আর্থভাষী নর্ডিকেরা কাদের 'ব্রাত্য' বলে ঘৃণা করত ?

- (জ) কোন্ জনপদকে কেন্দ্র করে সপ্তম শতকে পুন্ড্রবর্ধন রাজ্য গড়ে উঠেছিল ?
- (ঝ) শশাঙ্ক, সেন, পাল রাজারা বঙ্গদেশের অধিপতি হলেও কোন্ নামে পরিচিত হতে চাইতেন ?
- (ঞ) মেঘ-উদুহর, গাঙ্গোর, দ্বারবাসিনী—এগুলো কীসের প্রকারভেদ ?
- (ট) শাহিদ সুরহাবর্দির মতে বাঙলার বৈশিষ্ট্য কী ?
- (ঠ) বাংলার কালচারের দ্বিতীয় পর্বের নাম কী ?
- (ড) গৌড় ও নবদ্বীপে শিষ্টাচার কেন্দ্র থাকলেও বাঙলার সংস্কৃতির কেন্দ্র প্রধানত কী ছিল ?
- (ঢ) সেনযুগে অপমানিত ও অধিকার-বঞ্চিত হয়ে কারা মুসলমান হয়ে গিয়েছিলেন ?
- (ণ) ভারতবর্ষে ইংরেজের অভ্যুদয় কয়টি শহরকে কেন্দ্র করে আরম্ভ হয় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : $২ \times ৫ = ১০$

- (ক) দক্ষিণ ভারতের দুটি এমন গোষ্ঠীর নাম লেখো যারা আদি-অষ্ট্রেলীয় গোষ্ঠীর অন্তর্গত বলে স্বীকৃত ?
- (খ) বাংলাদেশে যে জন-সংস্কৃতি গড়ে উঠেছে তা কোন্ দুই প্রধান জনগোষ্ঠীর কীর্তি ?
- (গ) বৈদিক আর্যসভ্যতার নির্মাতা কোন্ নরগোষ্ঠী ? ফন আইকস্টেডটের মতে এদের নাম কী ?
- (ঘ) 'ইণ্ডিকা' গ্রন্থের রচয়িতা কে ? তিনি গঙ্গার পূর্বশাখী দেশগুলির পরিচয় দিতে গিয়ে কোন্ জনপদের উল্লেখ করেছিলেন ?

- (ঙ) কোন্ দুটি পূজা সিদ্ধুতীরের প্রাগৈতিহাসিক লোকদের মধ্যে প্রচলিত ছিল ?
- (চ) ষষ্ঠ-সপ্তম শতক পর্যন্ত বাংলাদেশে যে জনপদগুলো ছিল তার যে কোনো দুটির নাম লেখো ।
- (ছ) গোপাল হালদারের মতে মানস-সংস্কৃতির প্রধান বাহন কী কী ?
- (জ) বাংলায় প্রচলিত যে কোনো দুটি কীর্তনরীতির নাম লেখো ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) কর্নওয়ালিসি ভূমি-ব্যবস্থায় প্রত্যক্ষ ফল কী হয়েছিল তার বিবরণ দাও ।
- (খ) বাংলার কালচারের বুনীয়াদ কী কী, লেখো ।
- (গ) বাংলার কালচারের কেন্দ্রগুলোর পরিচয় দাও ।
- (ঘ) বাংলার পরিধেয় বস্ত্রগুলোর একটি বিবরণ দাও ।
- (ঙ) বাংলার দেবদাসী প্রথা সম্পর্কে যা জানো, লেখো ।
- (চ) প্রাকৃত বাঙালির খাদ্যাভ্যাসের একটি পরিচয় দাও ।
- (ছ) বঙ্গদেশের নামকরণ কীভাবে হয়েছিল, লেখো ।
- (জ) টীকা লেখো :

মহেন-জো-দডো সভ্যতা অথবা কনোজ রাজবংশ

৪। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো : $১০ \times ৪ = ৪০$

- (ক) ফন আইকস্টেডটের মত অনুযায়ী ভারতবর্ষে যে নরগোষ্ঠীর মানুষ ছিলেন তাঁদের পরিচয় দাও ।

- (খ) “বাঙলার বিভিন্ন জেলার বিচিত্র বর্ণসমূহের ভিতর আপেক্ষিক সূক্ষ্ম ও স্থূল পার্থক্য, একই বর্ণের মধ্যে দেহ-পরিমিতির ভেদবৈচিত্র্য ইত্যাদি খুঁটিনাটি বিচার করিলে বলিতেই হয়, এ সমস্ত বিচিত্র জন-সাংকর্ষের দ্যোতক।” লেখকের মন্তব্যের অনুসরণে বাংলার জনসমষ্টির ইতিহাস সম্পর্কে আলোচনা করো।
- (গ) শতাব্দীর পর শতাব্দী ধরে বঙ্গদেশে যে জাতি-সমন্বয় চলেছে তার একটি সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো।
- (ঘ) বাংলার মানস-সংস্কৃতিতে অষ্ট্রিকভাষীদের অবদান পর্যালোচনা করো।
- (ঙ) বঙ্গদেশের জনপদ বিভাগ সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো।
- (চ) বঙ্গদেশে শিকার ও অন্যান্য শারীর-ক্রিয়া ইত্যাদির স্বরূপ বিশ্লেষণ করো।
- (ছ) বাংলার লোক-সংস্কৃতির একটি পরিচয় দাও।
- (জ) বাংলার কালচারের পর্ব বিভাগ কতগুলো? এগুলোর পরিচয় দাও।
- (ঝ) বাংলার সমাজে মধ্যবিত্তের আত্মপ্রকাশ কী কী কারণে সম্ভব হয়েছিল তা বিশ্লেষণ করো।
- (ঞ) বাংলার সামাজিক ও রাষ্ট্রীয় পরিবর্তনের ধারায় বাংলা সাহিত্য ও সংস্কৃতি কীভাবে গড়ে উঠেছে তার একটি সংক্ষিপ্ত পরিক্রমা করো।

★ ★ ★